



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড(কাঠগোলা বাজার), ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭,

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

স্মারক নং: ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৩৭

তারিখ : ১১/০৪/২০২২খ্রিঃ

বিষয়ঃ ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট ও হাজিরাপত্র কেন্দ্র থেকে ডাউনলোড ও প্রিন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এসএসসি-২০২৩খ্রিঃ পরীক্ষার কেন্দ্র সচিবগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তার কেন্দ্রের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রোলশীট ও হাজিরাপত্র ১৩/০৪/২০২৩খ্রিঃ তারিখ থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিম্নলিখিত পদ্ধতিতে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে:

ধাপ০১- বোর্ডের ওয়েবসাইট ([www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)) ভিজিট করতে হবে।

ধাপ০২- বামপার্শ্বের মেন্যুগুলোর মধ্য থেকে **Admit Card(SSC-2023)** অপশনে ক্লিক করতে হবে।

ধাপ০৩- **Centre Code** এবং **Password** লিখে **login** বাটনে ক্লিক করতে হবে।


ধাপ০৪- ডানপার্শ্বের ভিন্ন ভিন্ন **Print** বাটন থেকে প্রবেশপত্র, রোলশীট ও হাজিরাপত্র প্রিন্ট করে নিতে হবে।

প্রবেশপত্র অবশ্যই ৮০গ্রাম **A4** সাইজ কাগজে প্রিন্ট দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য যে, পরীক্ষার্থীর “অবশ্যই পালনীয় নির্দেশনাবলী (**Student Instruction**)” প্রত্যেক প্রবেশপত্রের উল্টোপাশে প্রিন্ট করতে হবে। **Centre Code** এবং **Password** লিখে **login** করার পর **Student Instruction** বাটন প্রদর্শিত হবে। প্রবেশপত্রে যেকোন ধরনের সমস্যা(ভুল, বিভ্রাট, সংখ্যাগত গরমিল) পরিলক্ষিত হলে ১৭/০৪/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ও প্রাপ্ত প্রবেশপত্রসহ পরীক্ষা শাখায় আবেদনের মাধ্যমে প্রবেশপত্র সংক্রান্ত জটিলতা নিষ্পত্তি করা যাবে। ১৭/০৪/২০২৩খ্রিঃ তারিখের পর এতদসংক্রান্ত আবেদন গ্রহণযোগ্য হবে না এবং সকল তথ্যাদি সঠিক আছে মর্মে বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে। ১৭/০৪/২০২৩খ্রিঃ থেকে বোর্ড এ ব্যাপারে দায়মুক্ত বলে গণ্য হবে।

প্রাপক-

কেন্দ্র সচিব

অত্র বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র-২০২৩খ্রিঃ



(প্রফেসর মোঃ সামিউল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোনঃ ০২-৯৯৭৭১০৪৪২/০১৩০৯-০০১৯৮৪

E-mail: [conbisemym@gmail.com](mailto:conbisemym@gmail.com)

স্মারক নং: ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৩৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো;

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৩। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৪। প্রধান শিক্ষক, অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান;
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৬। অফিস কপি।